

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন(১ম সংশোধিত) প্রকল্প  
আইসিটি টাওয়ার (৭ম তলা), আগারগাঁও, ঢাকা।  
[www.gameapp.gov.bd](http://www.gameapp.gov.bd)

## বিশেষ বিজ্ঞপ্তি


তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন “মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় Package Name: Advanced Professional Coaching with Industry Attachment Including Apps & Game Development of 5 Months duration for 624 trainees প্রশিক্ষণের লক্ষ্যে পূর্বে অত্র প্রকল্পের আওতায় ইতোমধ্যে সম্পাদিত ট্রেনিং এ সফলভাবে কৃতকার্য ১৬১০০ জন প্রশিক্ষার্থীদের মধ্যে পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষার্থীদের প্রাপ্ত নম্বরের উর্ধ্বক্রম, ক্লাসে উপস্থিতি, ক্লাসে ওয়ার্ক এবং সার্বিক দক্ষতার উপর ভিত্তি করে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হয়েছে।

০২। নিয়মিত উপস্থিতি ও সফলভাবে ৫ (পাঁচ মাস) ব্যাপী Advanced Professional Coaching with Industry Attachment Including Apps & Game Development প্রশিক্ষণ সম্পন্ন ও ভেভর সার্টিফিকেশন প্রাপ্তি সাপেক্ষে প্রত্যেক প্রশিক্ষার্থীদেরকে নিম্নলিখিত সুবিধাদি প্রদান করা হবেঃ

- ক) প্রত্যেক প্রশিক্ষার্থীদেরকে প্রকল্পের ব্র্যান্ডিং সম্বলিত ১টি ব্যাগ, ১টি আইডি কার্ড, ১টি ফোল্ডার, ১টি কলম, ১টি প্যাড ও প্রয়োজন অনুযায়ী অন্যান্য স্টেশনারী সামগ্রী সরবরাহ করা হবে।  
খ) প্রত্যেক প্রশিক্ষার্থীদেরকে সকালের নাস্তা, দুপুরের খাবার এবং বিশেষ প্রয়োজনে রাতের খাবার প্রদান করা হবে।  
গ) সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষার্থীদেরকে এককালীন ৭৫০০০/- (সরকারি বিশি মোতাবেক মুসক ও আয়কর কর্তন করা হবে) প্রদান করা হবে। উক্ত টাকা হতে ১৫০০০/- টাকা ভেভর সার্টিফিকেশনের জন্য কেটে রাখা হবে যা সনদ প্রদর্শন সাপেক্ষে ফেরত যোগ্য।

০৩। এমতাবস্থায় প্রাথমিক তালিকাভুক্ত সকল প্রশিক্ষার্থীদেরকে <http://gameapp.gov.bd/show/application> লিংকে গিয়ে আগামী ১১/০৯/২০১৯ ইং তারিখ হতে আগামী ২০/০৯/২০১৯ ইং তারিখের মধ্যে Registration করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নিয়মিত উপস্থিতি থেকে ট্রেনিং করতে অপারগ প্রশিক্ষার্থীদেরকে রেজিস্ট্রেশন করা হতে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক



(মোহাম্মদ আবদুল হাই, পিএএ)

প্রকল্প পরিচালক (উপসচিব)

ফোন: +৮৮-০২-৮১৮১২৮৬

ই-মেইল: [pd.sdmga@gmail.com](mailto:pd.sdmga@gmail.com)

স্মারক নম্বর ৫৬.০০.০০০০.০৪১.০৭.০২৭.১৮-২৭৪৩

তারিখ: ২৫ ভাদ্র, ১৪২৬  
০৯ সেপ্টেম্বর, ২০১৯ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। অতিরিক্ত সচিব (পরিচালনা ও উন্নয়ন), আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৪। উপ-প্রকল্প পরিচালক, “মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন প্রকল্প, আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, .....
- ৭। অফিস কপি।